গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-২
www.ssd.gov.bd

নং-৫৮.০০.০০০০.০৯৩.১৪.০০৫.১৭-(অংশ-১)-২২

তারিখ : ১১ মাঘ ১৪২৭
২৫ জানুয়ারি ২০২১

বিষয় : কারা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন (১) "খুলনা জেলা কারাগার নির্মাণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প, (২) "ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার সম্প্রসারণ ও আধুনিকীকরণ" শীর্ষক প্রকল্প, (৩) "কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী নির্মাণ" শীর্ষক প্রকল্পসমূহের প্রস্তাবিত ডিপিপি সংশোধন, নতুন অঙ্গ সংযোজন এবং ব্যয় বৃদ্ধির যৌক্তিকতাসহ সার্বিক বিষয়ে সভার কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতায় কারা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন (১) "খুলনা জেলা কারাগার নির্মাণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প, (২) "ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার সম্প্রসারণ ও আধুনিকীকরণ" শীর্ষক প্রকল্প, (৩) "কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী নির্মাণ" শীর্ষক প্রকল্পসমূহের প্রস্তাবিত ডিপিপি সংশোধন, নতুন অঙ্গ সংযোজন এবং ব্যয় বৃদ্ধির যৌক্তিকতাসহ সার্বিক বিষয়ে সভা আগামী ১০/০১/২০২১ তারিখ সুরক্ষা সেবা বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী কার্যার্থে এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

(আরিফ আহমদ)
উপসচিব
ফোনঃ ৯৫৬৫৫৭৫

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (কারা), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (উন্নয়ন), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৪. কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, বকশি বাজার, ঢাকা।
৫. অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পওবিপ্র), গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৬. প্রকল্প পরিচালক, "ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার সম্প্রসারণ ও আধুনিকীকরণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প, / "কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী নির্মাণ" শীর্ষক প্রকল্প, / "খুলনা জেলা কারাগার নির্মাণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প, কারা অধিদপ্তর, বকশি বাজার, ঢাকা।
৭. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৮. উপসচিব, উন্নয়ন, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৯. নির্বাহী প্রকৌশলী, খুলনা গণপূর্ত বিভাগ-২, খুলনা। / রাজশাহী গণপূর্ত বিভাগ-১, রাজশাহী।/ ময়মনসিংহ গণপূর্ত বিভাগ, ময়মনসিংহ।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ জন্য)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
পরিকল্পনা শাখা-২
www.ssd.gov.bd

বিষয়ঃ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতায় কারা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন (১) "খুলনা জেলা কারাগার নির্মাণ (১ম সংশোধিত)"শীর্ষক প্রকল্প, (২) "ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার সম্প্রসারণ ও আধুনিকীকরণ"শীর্ষক প্রকল্প, (৩) "কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী নির্মাণ"শীর্ষক প্রকল্পসমূহের প্রস্তাবিত ডিপিপি সংশোধন, নতুন অঙ্গ সংযোজন এবং ব্যয় বৃদ্ধির যৌক্তিকতাসহ সার্বিক বিষয় সংক্রান্ত সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ শহিদুজ্জামান<br>সচিব, সুরক্ষা সেবা বিভাগ |
| তারিখ | : | ১০ জানুয়রি ২০২১ |
| সময় | | দুপুর-২.৩০ ঘটিকা |
| স্থান | : | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সভা কক্ষ |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, সুরক্ষা সেবা বিভাগের অধীনে বাস্তবায়নাধীন প্রকল্প সমূহের মধ্যে কারা অধিদপ্তরের অধিনে বাস্তবায়নাধীন (১) "খুলনা জেলা কারাগার নির্মাণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প, (২) "ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার সম্প্রসারণ ও আধুনিকীকরণ" শীর্ষক প্রকল্প, (৩) "কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী নির্মাণ" শীর্ষক প্রকল্পসমূহের উল্লেখযোগ্য পরিমাণ ব্যয় বৃদ্ধিপূর্বক ডিপিপি সংশোধনের প্রস্তাবের প্রেক্ষিতে যৌক্তিকতা নিয়ে আলোচনার জন্য এই সভা আহবান করা হয়েছে। এ পর্যায়ে সভাপতি প্রকল্প ভিত্তিক সংশোধন প্রস্তাব উপস্থাপনের জন্য পরিকল্পনা শাখার উপসচিব-কে অনুরোধ করেন। উপসচিব (পরিকল্পনা) প্রকল্পসমূহ একে একে উপস্থাপন করেন, যা নিম্নরুপ:

কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী নির্মাণঃ

২। উপসচিব (পরিকল্পনা) সভাকে জানান যে, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী নির্মাণ শীর্ষক প্রকল্পটি জুলাই-২০১৫ হতে জুন ২০২১ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। মূল ডিপিপি'র প্রাক্কলিত ব্যয় ৭৩৪২.৩৬ লক্ষ টাকার বিপরীতে সংশোধিত ডিপিপি'তে ১০৫০০.৫৮ লক্ষ টাকা প্রস্তাব করা হয়েছে যা মূল ডিপিপি অপেক্ষা ৩১৫৮.২২ লক্ষ টাকা (৪৩%) ব্যয় বৃদ্ধি পেয়েছে। এ পর্যায়ে প্রকল্প পরিচালক বলেন যে, প্রত্যাশি সংস্থার চাহিদা অনুযায়ি এবং পিআইসি ও পিএসসি সভার সিদ্ধান্ত মোতাবেক বিবেচ্য প্রকল্পে নতুন অঙ্গ অন্তর্ভূক্ত করা হয়েছে এর মধ্যে রয়েছে (১) মহিলা স্টাফ ও প্রশিক্ষণার্থী ব্যারাক এর উর্ধ্বমুখি সম্প্রসারণ, (২) জেল অফিসার মেস উর্ধ্বমুখি সম্প্রসারণ, (৩) প্যারেড গ্রাউন্ডে অস্থায়ী শেড নির্মাণ, (৪) অডিটরিয়ামে একোস্টিক ও ডাক্টেড টাইপ এয়ার কুলার, (৫) সুইমিং পুলের পানিশোধন, (৬) Rain water Harvesting ও ফোয়ারা নির্মাণ, (৭) সৌর বিদ্যুতায়ন এবং অগ্নি সনাক্তকরণ ও প্রতিরোধক ব্যবস্থা, (৮) লিফট স্থাপন, (৯) অডিটরিয়াম এর চেয়ার স্থাপন ডিপিপি'তে সংযোজনের প্রস্তাব করা হয়েছে এছাড়া,(১) প্যারেড গ্রাউন্ড এরিয়া ৭ গুন বৃদ্ধি, (২) বিভিন্ন ভবনে ম্যাট ফাউন্ডেশনে পরিবর্তন,(৩) সীমানা প্রাচীর বৃদ্ধি, (৪) অনাবাসিক ভবন সমূহের ফ্লোর এরিয়া ও উচ্চতা বৃদ্ধি, (৫) ইটের গাঁথুরির পরিবর্তে আরসিসি ড্রেন, (৬) ডিজিটাল সার্ভে অনুযায়ী ভুমি উন্নয়ন কাজের পরিমান বৃদ্ধি, (৭) আন্ডার গ্রাউন্ড ইলেক্ট্রিক ক্যাবল, (৮) যন্ত্রপাতি-আসবাবপত্র- সরঞ্জাম প্রশিক্ষণ সামগ্রী ও যানবাহনের বর্তমান বাজার দর বৃদ্ধি ইত্যাদি কারনে এ প্রকল্পের ব্যয়বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে।

৩। সভাপতি বিভিন্ন স্থাপনা নতুনভাবে সংযোজনের প্রস্তাবের প্রেক্ষিতে এই কারাগার ও প্রশিক্ষণ একাডেমীর জনবল ও এ প্রশিক্ষণ কেন্দ্রে বছরে কতজন কর্মকর্তা/কর্মচারীর প্রশিক্ষণ প্রদান করা হবে, প্রসঙ্গে জানতে চাইলে এ বিষয়ে কারা মহাপরিদর্শক বলেন, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী নির্মাণ শীর্ষক প্রকল্পের জনবল প্রস্তাব প্রাথমিক পর্যায়ে রয়েছে এবং

এতে কিছুটা সময় লাগবে। তিনি আরও বলেন যে, কারা অধিদপ্তরের প্রধান প্রশিক্ষণ একাডেমী হিসেবে বঙ্গবন্ধু কারা প্রশিক্ষণ একাডেমী কেরাণীগঞ্জে নির্মাণ করা হবে এবং এর ডিপিপি প্রণয়নের কাজ চলছে। এ ক্ষেত্রে রাজশাহী এবং কাশিমপুর কেন্দ্রীয় কারাগার স্থানীয় পর্যায়ে কারা প্রশিক্ষণ কেন্দ্র হিসেবে চালু থাকবে। এ পর্যায়ে অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভাকে বলেন যে, গত ১৪/০৬/২০২০ তারিখে পরিকল্পনা কমিশনে এ প্রকল্পের ২য় পিইসি সভা অনুষ্ঠিত হয় যেখানে বিভিন্ন উপকরণের ব্যয় বৃদ্ধি যৌক্তিক পর্যায়ে রাখাতে হবে মর্মে বলা হয়েছে। তিনি উদাহরণ স্বরূপ উল্লেখ করেন যে, কম্পোনেন্টওয়ারী মূল কার্যক্রমের বাস্তব অগ্রগতির ছক মোতবেক সংযোজনী আকারে আরডিপিপি'তে সংযুক্ত রাখা, প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ জুলাই ২০১৫ হতে জুন ২০২১ এর পরিবর্তে জুলাই ২০১৫ জুন ২০২২ পর্যন্ত পুনঃনির্ধারণ, প্রস্তাবিত বর্ধিত সময়ের ওয়র্কপ্ল্যান পুনর্গঠিত আরডিপিপি'তে সংযোজন, অঙ্গাগুলোর ব্যয় প্রাক্কলন যৌক্তিক পর্যায়ে পুনঃনির্ধারণ, বহিঃবিদ্যুতায়ন অঙ্গ এবং সৌর বিদ্যুতায়ন অঙ্গের ব্যয় প্রয়োজনীয়তার নিরিখে যৌক্তিক পর্যায়ে হ্রাস, সরঞ্জামের তালিকা মূল্য রেখে কম্পাউন্ড ড্রেন- অভ্যন্তরীণ রাস্তা- সীমানা প্রাচীর- গেট- প্যারেড গ্রাউন্ড এবং ফুটবল মাঠ নির্মাণ অঙ্গের ব্যয় প্রাক্কলন যাচাই করে পুনঃনির্ধারণ করার কথা বলা হয়েছিল।

৪। এ প্রকল্পের মান নিয়ে সভাপতি এক প্রশ্নের জবাবে এসডিই, রাজশাহী বলেন যে, মানসম্মত ভাবে কাজ করা হচ্ছে ও নির্ধারিত বর্ধিত সময়ে প্রকল্প সমাপ্ত করা যাবে। এ পর্যায়ে উপসচিব (উন্নয়ন) বলেন যে, প্রস্তাবিত ও অনুমোদিত জনবল এর মধ্যে অনেক গ্যাপ থাকে। জনবল না থাকায় ভবনসমূহ অব্যবহৃত থাকে ফলে এতে এগুলো নষ্ট হয়। এছাড়া সংশোধনী প্রস্তাব ব্যয় যৌক্তিক পর্যায়ে হ্রাস না করলে বর্তমান কোভিড পরিস্থিতিতে প্রকল্পের সংশোধিত ডিপিপি অনুমোদন কঠিন হবে। সংশোধিত সকল প্রকল্পের ক্ষেত্রে কোভিড পরিস্থিতিতে রাজস্ব আয় হ্রাস ও কোভিড মোকাবেলায় ব্যয় বৃদ্ধির বিষয়টি বিবেচনায় রেখে সংশোধিত প্রস্তাব করা উচিত।

বিস্তারিত আলোচনান্তে আলোচ্য প্রকল্পের বিষয়ে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

(১) মহিলা স্টাফ ও প্রশিক্ষণার্থী ব্যারাক ৬ষ্ট তলার উর্ধ্বমুখি সম্প্রসারণ এর পরিবর্তে ৪র্থ তলা পর্যন্ত করা যেতে পারে;

(২) জেল অফিসার মেস উর্ধ্বমুখি সম্প্রসারণ এবং প্যারেড গ্রাউন্ডে অস্থায়ী শেড এ পর্যায়ে নির্মাণ প্রয়োজন নাই;

(৩) ডাক্টেড টাইপ এয়ার কুলার শুধু অডিটরিয়ামের জন্য স্থাপনের প্রস্তাব করতে হবে এবং এটি সহ একোস্টিক ওয়ার্কে এর ব্যয় এর উল্লেখযোগ্য পরিমাণ ব্যয় হ্রাস করতে হবে;

(৪) ফোয়ারা নির্মাণ না করে শুধু মাত্র Rain water Harvesting এবং সুইমিং পুলের পানিশোধন করা যেতে পারে। প্রকল্প পরিচালক নিজে বাজার দর যাচাই করে সেমত প্রস্তাব দিবেন;

(৫) অগ্নি সনাক্তকরণ ও প্রতিরোধক ব্যবস্থার পরিবর্তে শুধু প্রতিরোধ ব্যবস্থা রাখতে হবে;

(৬) স্টাফ কোয়াটারে লিফট স্থাপন না করে প্রশাসনিক ভবনের জন্য ২টা লিফ্ট স্থাপন করা যেতে পারে এবং এর দর অনেক বেশী প্রস্তাব করায় প্রকল্প পরিচালক বাজার যাচাই করে এর প্রস্তাব দিবেন;

(৭) অডিটরিয়াম এর চেয়ার স্থাপন করা যেতে পারে তবে প্রকল্প পরিচালক বাজারদর দেখে প্রস্তাব দিবেন;

(৮) বিভিন্ন ভবনে ম্যাট ফাউন্ডেশনের পরিবর্তে পাইল ফাউন্ডেশ যৌক্তিক ভাবে ব্যয় হ্রাসপূর্বক করা যেতে পারে;

(৯) প্রস্তাবিত সীমানা প্রাচীর উল্লেখ যোগ্য পরিমাণে ব্যয় হ্রাসপূর্বক করা যেতে পারে;

(১০) বিভাগীয় কারাগার বিবেচনায় এখানে ভার্চুয়াল কোর্টের সংস্থান রাখা যেতে পারে। অনাবাসিক ভবনসমূহের ফ্লোর ও উচ্চতা ব্যয় উল্লেখ যোগ্য পরিমাণে হ্রাসপূর্বক প্রস্তাব করা যেতে পারে;

(১১) পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী যৌক্তিক পর্যায়ে ব্যয় হ্রাস করতে হবে এবং বর্ণিত অঙ্গ ব্যতিত মন্ত্রণালয়ের অনুমতি ব্যতিরেকে কোন অঙ্গসংযোজন বা অতিরিক্ত ব্যয়ের প্রস্তাব করা যাবে না;

(১২) আগামী ১৫ দিনের মধ্যে ডিপিপি পুনর্গঠিত করতে হবে এবং প্রতি ৩মাস অন্তর পিআইসি ও ৪মাস অন্তর পিএসসি সভার প্রস্তাব করতে হবে।

খুলনা জেলা কারাগার নির্মাণ (১ম সংশোধিত):

৫। উপসচিব (পরিকল্পনা) সভাকে বলেন যে, খুলনা জেলা কারাগার নির্মাণ (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পটি জুলাই-২০১১ হতে জুন ২০২২মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রাক্কলিত ব্যয় (মূল ডিপিপি) ১৪৪৪৮.৪৬ লক্ষ টাকার বিপরীতে ১ম সংশোধিত ২৫১০২.৭৫ লক্ষ টাকা ২য় সংশোধনীতে প্রস্তাব করা হয়েছে ৪১৯২৩.০৩ লক্ষ টাকা, পার্থক্য ১৬৮২০.২৮ লক্ষ টাকা, ৬৭% ব্যয় বৃদ্ধি করে সংশোধন প্রস্তাব প্রেরণ করা হয়েছে।

৬। এ পর্যায়ে প্রকল্প পরিচালক সভাকে বলেন যে, পুরুষ সাক্ষাতকার ভবনের উর্ধমুখি সম্প্রসারণ (২তলা ভিত বিশিষ্ট ১ তলা ভবন), মহিলা সাক্ষাতকার ভবনের সাইট সম্প্রসারণ (২তলা ভিত বিশিষ্ট ১ তলা ভবন), পরিদর্শন বাংলো এবং ভবন রক্ষণাবেক্ষণের জন্য গণপুর্ত বিভাগের সাইট অফিস (৩তলা ভিত বিশিষ্ট ২ তলা ভবন), অতিরিক্ত পাম্প হাউস বিল্ডিং-২টি, ওয়াটার রিজার্ভার -২টি, পুকুর-২টি (পেরিমিটার ওয়ালের ভিতরে-১ ও পেরিমিটার ওয়ালের বাহিরে-১টি), পুকুর বাহিরের, জমি অধিগ্রহণ (বাহিরের পুকুরের জন্য), জমি অধিগ্রহণ (জেল খানার সামনের), এলপিজি গ্যাস প্লান্ট, পানি সংরক্ষণ প্লান্ট, জেলখানার নিরাপত্তা যন্ত্রপাতি অঙ্গাসমূহ সংযোজিত করে ডিপিপি সংশোধনের প্রস্তাব করা হয়েছে। প্রকল্প পরিচালক আরো বলেন যে, খুলনা কারাগারের সামনের প্রধান রাস্তা সংলগ্ন একটি ব্যক্তিগত জমি রয়েছে যার পরিমাণ ৩.৩ একর, এছাড়া বাইরে পুরের জন্য ও ১ একর অধিগ্রহণের প্রস্তাব করা হয়েছে। এছাড়া ভবিষ্যতের চাহিদার বিবেচনায় পুরুষ সাক্ষাতকার ভবনের উর্ধ্বমূখী সম্প্রসারণ, মহিলা সাক্ষাতকার ভবনের সাইট সম্প্রসারণ, পরিদর্শন বাংলো (রেষ্ট হাউজ) এর প্রস্তাব হয়েছে। খুলনা জেলার পানি সমস্যা রয়েছে এ জন্য অনুমোদিত অঙ্গের অতিরিক্ত হিসাবে অতিরিক্ত ২টা পাম হাউজ ২টি ওয়াটার রিজার্ভার এর প্রস্তাব করা হয়েছে। এছাড়া অন্যান্য কারাগারের আলোকে এল,পিজি গ্যাস প্লান্ট এর প্রস্তাব করা হয়েছে। এছাড়া চাহিদার নিরিক্ষে পানি সংরক্ষণ প্লান্ট, জেলখানার নিরাপত্তা যন্ত্রপাতি ইত্যাদির প্রস্তাব করা হয়েছে।

৭। এ পর্যায়ে নির্বাহী প্রকৌশলী, খুলনা বলেন যে, খুলনা জেলা কারাগার নির্মাণ (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের ৬০% থেকে ৭০% কাজ প্রায় শেষ । প্রকল্পের চাহিদা অনুযায়ী নির্মাণ কাজ যথাসময়ে শেষ করা যাবে। অতিরিক্ত সচিব (উন্নয়ন) বলেন, সম্প্রতি তিনি এ প্রকল্প দেখে এসেছেন। সড়ক সংলগ্ন জমিটি এ প্রকল্পের জন্য জরুরী। তবে এখানে ভৌত অবকাঠামো বিষয়ে পেরিমিটার ওয়াল এর কোন কোন স্থানে প্লাষ্টারে লবন মিশ্রিত বালি দেওয়ায় এখনই নোনা ধরেছে, ভবনের প্লাষ্টার কোন কোন স্থানে নিম্নমান সম্পন্ন এবং কোন কোন ভবনের মেঝে রাবিশ দিয়ে ভরাট করার বিষয়টি দৃষ্টিগোচর হয়েছে যা প্রকল্পের কাজ শেষে ব্যবহার অনুপযোগী হতে পারে। মূল কারাগারের চেয়ে আবাসনসহ অন্যান্য স্থাপনা প্রায় সমাপ্ত হলেও মূল কারাগারের অনেক কাজ বাকি আছে। এছাড়া প্রস্তাবিত ৩য় তলা প্রাথমিক স্কুল ভবনের টেন্ডার হয়নি, উহা ৪র্থ তলা পর্যন্ত উর্ধ্বমুখী সম্প্রসারণের প্রস্তাব করা হয়েছে। এ পর্যায়ে উপসচিব পরিকল্পনা বলেন যে, পরিদর্শনকালে দেখা যায় ওয়ার্ডেন ভবনের ২টির মধ্যে ১টি নির্মাণ করা হয়েছে। পরিদর্শনকালে জানা যায় মূল নকশার চেয়ে প্রায় ১১০০ বর্গফিট বর্ধিত আকারে এই বিল্ডিং নির্মাণ করা হয়েছে। অপর বিল্ডিং এবং এটি নিয়ে সংশোধিত ডিপিপি'তে প্রস্তাব করা হয়েছে। এ পর্যায়ে উপসচিব (উন্নয়ন) বলেন যেহেতু পিইসি সভা অনুষ্ঠিত হয়নি এ প্রকল্পের আরডিপিপি সংশোধনের সুযোগ রয়েছে তবে তা যৌক্তিক ও বাস্তব সম্মত ও বর্তমান চাহিদার বিবেচনায় নিতে হবে। এবং বর্ধিত আকারে নকশা বহির্ভুত ভাবে ওয়ার্ডেন ব্যারাক করার কোন সুযোগ নেই।

৮। প্রকল্প পরিচালক বলেন, পুরুষ সাক্ষাতকার ভবনের উর্ধমুখি সম্প্রসারণ (২তলা ভিত বিশিষ্ট ১ তলা ভবন),মহিলা সাক্ষাতকার ভবনের সাইট সম্প্রসারণ (২তলা ভিত বিশিষ্ট ১ তলা ভবন),পরিদর্শন বাংলো এবং ভবন রক্ষনাবেক্ষনের জন্য গণপুর্ত বিভাগের সাইট অফিস (৩তলা ভিত বিশিষ্ট ২ তলা ভবন) ,অতিরিক্ত পাম্প হাউস বিল্ডিং-২টি, ওয়াটার রিজার্ভার -২টি, পুকুর-২টি (পেরিমিটার ওয়ালের ভিতরে-১ ও পেরিমিটার ওয়ালের বাহিরে-১টি), পুকুর বাহিরের, জমি অধিগ্রহন (বাহিরের পুকুরের জন্য), জমি অধিগ্রহন (জেল খানার সামনের), এল,পিজি গ্যাস প্লান্ট, পানি সংরক্ষণ প্লান্ট, জেলখানার নিরাপত্তা যন্ত্রপাতি, প্রয়োজন মোতাবেক প্রকল্পের ব্যয় হ্রাস করা যাবে। প্রকল্প পরিচালক ও নির্বাহী প্রকৌশলী বর্ধিত ওয়ার্ডেন ভবনের ১১০০ বর্গফুট বর্ধিত ভবন এর ঘটনা স্বীকার করে বলেন কারা অধিদপ্তরের পত্রে তারা এটি করছে।

৯। কারা মহাপরিদর্শক বলেন, খুলনার বর্তমান কারাগার চালু রেখে এটা চালু করা হবে এবং ভবিষ্যতে এটি বিভাগীয় কারাগার করার বিষয়টি তাদের বিবেচনায় রয়েছে তাই বর্তমান কারাগার চালু থাকায় নতুন কারাগরের উপর চাপ অনেক কম পড়বে। স্থাপত্য অধিদপ্তরের প্রতিনিধি বলেন, সাক্ষাতকার কক্ষটি ভবিষ্যত চাহিদার প্রেক্ষিতে উর্ধ্বমূখী করা প্রয়োজন হতে পারে।

বিস্তারিত আলোচনান্তে আলোচ্য প্রকল্পের বিষয়ে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

(১) পুরুষ/মহিলা সাক্ষাতকার ভবনের উর্ধ্বমুখী সাইট সম্প্রসারণ ও পরিদর্শন বাংলোর প্রস্তাব বাদ দিতে হবে;

(২) প্রস্তাবিত অতিরিক্ত পাম্প হাউস বিল্ডিং-২টি মধ্যে ১টি ওয়াটার রিজার্ভার -২টি'র পরিবর্তে ১টি স্থাপন করা যেতে পারে;

(৩) পুকুর-২টি (পেরিমিটার ওয়ালের ভিতরে-১ ও পেরিমিটার ওয়ালের বাহিরে-১টি) করা যেতে পারে তবে Rain Water reservoir হিসেবে করতে হবে ও পুকুরের ব্যয় যৌক্তিক পর্যায়ে হ্রাসপূর্বক করা যেতে পারে;;

(৪) জমি অধিগ্রহণ (জেল খানার সামনের) করা যেতে পারে, তবে বাজস্ব বাজেট হতে করা যাবে কিনা তা কারা অধিদপ্তর যাচাই করে দেখতে পারে;

(৫) LPG গ্যাসপ্লান্ট এর প্রস্তাব বাদ দিতে হবে;

(৬) পানি সংরক্ষণ প্লান্ট এবং জেলখানার নিরাপত্তা যন্ত্রপাতি এর ব্যয় যৌক্তিক পর্যায়ে হ্রাস করতে হবে;

(৭) প্রকল্প ভার্চুয়াল কোর্ট স্থাপনের জন্য স্থান এর সংকুলান রাখতে হবে;

(৮) অনাবাসিক ভবনসমূহের ফ্লোর ও উচ্চতা ব্যয় উল্লেখ যৌগ্য পরিমাণে হ্রাসপূর্বক প্রস্তাব করা যেতে পারে;

(৯) ওয়ার্ডেন ভবনের এরিয়া বৃদ্ধির বিষয়ে খতিয়ে দেখে প্রকল্প পরিচালক পূর্ণাঙ্গ প্রতিবেদন দিবেন;

(১০) পিইসসি সভার সিদ্ধান্তের বাস্তবায়নসহ বর্ণিত অঙ্গ ব্যতিত মন্ত্রণালয়ের অনুমতি ব্যতিরেকে কোন অঙ্গসংযোজন বা অতিরিক্ত ব্যয়ের প্রস্তাব করা যাবে না।

(১১) আগামী ১মাসের মধ্যে ডিপিপি পুনর্গঠিত করতে হবে এবং প্রতি ৩মাস অন্তর পিআইসি ও ৪মাস অন্তর পিএসসি সভার প্রস্তাব করতে হবে।

ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার সম্প্রসারণ ও আধুনিকীকরণ শীর্ষক প্রকল্প:

১০। উপসচিব (পরিকল্পনা) সভাকে জানান যে, ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার সম্প্রসারণ ও আধুনিকীকরণ (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পটি জুলাই-২০১৫ হতে জুন ২০২২মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রাক্কলিত ব্যয় (মূল ডিপিপি) ১২৭৬০.৬৪ লক্ষ টাকার বিপরীতে ১ম সংশোধিত সংশোধনীতে প্রস্তাব করা হয়েছে ২৭১৪৮.৬২ লক্ষ টাকা পার্থক্য ১৪৩৮৭.৯৭ লক্ষ টাকা ১১৩% ব্যয় বৃদ্ধি করে প্রকল্প সংশোধনী প্রস্তাব প্রেরণ করা হয়েছে।

১১। এ পর্যায়ে প্রকল্প পরিচালক বলেন, প্রকল্পটির নাম ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার সম্প্রসারণ ও আধুনিকীকরণ শীর্ষক প্রকল্প কিন্তু প্রকৃত পক্ষে পুরাতন কারাগারটি সম্পূর্ণ নতুন ভাবে হচ্ছে নির্মাণ কাজ সমাপ্তির পর বিদ্যমান কারাগারের কোন পুরাতন ভবনই থাকবে না। এটি একটি পুরতন কারাগার বিধায় শুধু সম্প্রসারণ বা আধুনিকীকরণ করা হচ্ছে না সম্পূর্ণ নতুনভাবে নির্মিত হবে বিধায় প্রকল্পের ব্যয় ১১৩% বৃদ্ধি পেয়েছে। উপসচিব (উন্নয়ন) বলেন যে, সম্প্রতি তিনি এ প্রকল্প পরিদর্শন করেছেন কারাগারের প্রতিটি ভবন অপসারণের পর নতুন ভবন নির্মাণ করা হচ্ছে। এছাড়া প্রকল্পের নামের সাথে কাজের কোন মিল নাই তাই প্রকল্পের ব্যয় বৃদ্ধি কিছুটা যৌক্তিক এবং প্রকল্পের নাম পরিবর্তন করা প্রয়োজন। এ পর্যায়ে অতিরিক্ত সচিব (উন্নয়ন) বলেন, তিনি এই প্রকল্প সংশ্লিষ্টদের নিয়ে একটি সভা করেছেন এবং যৌক্তিক ভাবে ব্যয় হ্রাস করা প্রয়োজন রয়েছে। এ পর্যায়ে সভাপতি বলেন, প্রথমেই এ প্রকল্প গ্রহণের সময় বিষয়গুলো দেখা উচিত ছিল, এছাড়া সকল বিভাগীয় পর্যায়ে কারাগারে ভার্চুয়াল কোর্ট রাখার প্রভিশন রাখা উচিত এবং আন্ডারগ্রাউন্ড কেবল রাখার যৌক্তিকতা এ মুহর্তে নেই। ভবিষ্যতে চাহিদা ও বাস্তবতার ভিত্তিতে পৃথক প্রকল্পের সাহায্য এক সাথে সকল কারাগারে সমন্বিত ভাবে আন্ডারগ্রাউন্ড কেবল এর প্রভিশন রাখা যেতে পারে।

বিস্তারিত আলোচনান্তে আলোচ্য প্রকল্পের বিষয়ে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

(১) প্রকল্পটির নাম সংশোধন করে "ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার পুন:নির্মাণ" শীর্ষক প্রকল্প রাখার প্রস্তাব করা যেতে পারে;

(২) এসটিপি সাব স্টেশন, ওয়াটার রিজার্ভার, ডীপ টিউব ওয়েল, কম্পাউন্ড ড্রেন, পেরিমিটার ওয়াল, পীচ ঢালা রাস্তা ও ভূমি উন্নয়ন ব্যয় যৌক্তিক পর্যায়ে হ্রাস করতে হবে;

(৩) পুরুষ সাক্ষাৎকার কক্ষ ৪ তলা ভিতের পরিবের্তে ২য় তলা সম্পূর্ণ করা যেতে পারে;

(৪) মাল্টিপারপাস শেড ও কারা ক্লাব একই ভবনে করার সিদ্ধান্ত নেয়া যেতে পারে এবং একই ভবনের উপরের ২টা কক্ষ নিয়ে রেষ্ট হাউজ করা যেতে পারে;

(৫) সীমানা প্রাচীর সঠিক ভাবে তৈরি করতে হবে এবং ভার্চুয়াল কোর্টের জন্য স্থান নির্ধারন করে রাখাতে হবে;

(৬) অনাবাসিক ভবনসমূহের ফ্লোর ও উচ্চতা ব্যয় উল্লেখযোগ্য পরিমাণে হ্রাসপূর্বক প্রস্তাব করা যেতে পারে;

(৭) বর্ণিত অঙ্গ ব্যতিত মন্ত্রণালয়ের অনুমতি ব্যতিরেকে কোন অঙ্গসংযোজন বা অতিরিক্ত ব্যয়ের প্রস্তাব করা যাবে না।

(৮) আগামী ১মাসের মধ্যে ডিপিপি পুনর্গঠিত করতে হবে এবং প্রতি ৩মাস অন্তর পিআইসি ও ৪মাস অন্তর পিএসসি সভার প্রস্তাব করতে হবে।

১২। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/১/২১

(মো: শহিদুজ্জামান)
সচিব
সুরক্ষা সেবা বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-১৩২
www.ssd.gov.com

১০/০১/২০২১ খ্রি: তারিখ রোজ রবিবার বেলা ১১.৩০ ঘটিকায় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতায় কারা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন (১) "খুলনা জেলা কারাগার নির্মাণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প, (২) "ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার সম্প্রসারণ ও আধুনিকীকরণ" শীর্ষক প্রকল্প, (৩) "কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী নির্মাণ" শীর্ষক প্রকল্পসমূহের প্রস্তাবিত ডিপিপি সংশোধন, নতুন অঙ্গ সংযোজন এবং ব্যয় বৃদ্ধির যৌক্তিকতাসহ সার্বিক বিষয়ে সভায় উপস্থিত কর্মকর্তাগণের হাজিরা:

| ক্রঃ নং | নাম ও পদবি (Name and Designation) | প্রতিষ্ঠানের নাম (Name of Institution) | টেলিফোন নম্বর (Contract Number) | স্বাক্ষর (Signature) |
|---|---|---|---|---|
| ১. | সৈয়দ বেলাল হোসেন অতি: সচিব (কারা অনুবিভাগ) | SSD | | |
| ২. | মো: খায়রুল আলম শেখ অতি: সচিব উন্নয়ন | SSD | | |
| ৩. | ব্রি.জেনা. মোঃ মোমিনুর রহমান মামুন কারা মহাপরিদর্শক | কারা অধিদপ্তর | ০১৭৬৯৯৭০০০০ | |
| ৪. | মো: আইয়ুব রহমানি তত্ত্বাবধায়ক প্রকৌ: | PWD | 01711130416 | 10/1/21 |
| ৫. | এস এম আমীন আহমেদ PD, খুলনা জেলা Const. | কারা অধি: | 01766445501 | |
| ৬. | নুসরাত জাহান নির্বাহী স্থপতি | স্থাপত্য অধিদপ্তর | 01714241902 | |
| ৭. | মো: নাসির উদ্দিন খান নির্বাহী প্রকৌশলী | গণপূর্ত বিভাগ-২ খুলনা | 01882115362 01716584850 | |
| ৮. | মো: মোকাদ্দেসুজ্জামান উপ-বিভাগীয় প্রকৌশলী | গণপূর্ত বিভাগ-২ খুলনা | ০১৭২৮০২৩০৩ | |
| ৯. | মোহা: মোস্তফা কামাল হক সহকারী কারা মহাপরিদর্শক (উন্নয়ন) | কারা অধিদপ্তর | ০৭১১-০৩৬৬৬ | |
| ১০. | মোবারক হক উপ-বিভাগীয় প্রকৌশলী | ময়মনসিংহ-২ গণপূর্ত উপ-বিভাগ | 01725425556 | |
| ১১. | মো: জাহিদুজ্জামান নির্বাহী প্রকৌশলী ময়মনসিংহ গণপূর্ত বিভাগ | ঐ | 01716-666686 | |
| ১২. | সাইবা হালিম আফিয়া উপবিভাগীয় প্রকৌশলী | গণপূর্ত প্রকল্প বিভাগ - ০১ | 01882115040 | |
| ১৩. | আব্দুল্লাহ আল মামুন নির্বাহী প্রকৌশলী | গণপূর্ত প্রকল্প বিভাগ-১ | 01817549415 | |

| ক্র: নং | নাম ও পদবি | প্রতিষ্ঠানের নাম | মোবাইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১৪. | মো: মোয়াজ্জেম হোসেন [illegible] পিডি/ [illegible] | সুরক্ষা সেবা বিভাগ | ০১৬১৬৫৯৮০৫৮ | |
| ১৫. | মোহাম্মদ মাহমুদ হোসেন [illegible] (উন্নয়ন) | কারা গোবিন্দপুর | 01769970020 | |
| ১৬. | | | | |
| ১৭. | | | | |
| ১৮. | | | | |
| ১৯. | | | | |
| ২০. | | | | |
| ২১. | | | | |
| ২২. | | | | |
| ২৩. | | | | |
| ২৪. | | | | |
| ২৫. | | | | |
| ২৬. | | | | |
| ২৭. | | | | |
| ২৮. | | | | |
| ২৯. | | | | |